



পশ্চিমবঙ্গ সরকার  
অনগ্রসর শ্রেণী কল্যান ও আদিবাসী উন্নয়ন অধিকার  
৮. লায়স রেঞ্জ, মিত্র বিল্ডিং, ৩য় তল, কলকাতা- ৭০০০০১  
ই-মেইল:bcw.comm@gmail.com ফোন: ০৩৩ ২২৩০৮২৩৭

### বিজ্ঞপ্তি

"আদিবাসী গুণীজন সম্বর্ধনা ২০২২-২৩"

প্রতি বৎসরের ন্যায় ইং: ২০২২-২০২৩ সনের উপরোক্ত পুরস্কার প্রদান হইবে।  
এই বিষয়ে বিশদ বিবরণ এবং প্রয়োজনীয় দরখাস্তের পূর্ণাঙ্গ বয়ানের জন্য আগ্রহী  
ব্যক্তি নিম্নোক্ত ওয়েবসাইটে যোগাযোগ করুন <https://www.anagrasarkalyan.gov.in>।

আবেদন পত্রসহ সুপারিশ গ্রহণের শেষ দিন ০২/০৩/২০২৩ বিকাল ৫.০০ টা  
পর্যন্ত।

(ড: অশ্বিনী কুমার যাদব)  
মহাধক্ষা,  
অনগ্রসর শ্রেণী কল্যান ও  
আদিবাসী উন্নয়ন অধিকার



পশ্চিমবঙ্গ সরকার

অনগ্রসর শ্রেণি কল্যাণ অধিকার

৮, লায়ন্স রেঞ্জ, মিত্র বিল্ডিং, ৩য় তল, কলকাতা - ৭০০০০১

ই-মেইল : [bcw.comm@gmail.com](mailto:bcw.comm@gmail.com) ফোন : ০৩৩-২২৩০৮২৩৭

বিজ্ঞপ্তি

“সাধু রামচাঁদ মূর্মু পণ্ডিত রঘুনাথ মূর্মু, লাল শুকরা ওরাওঁ, বিরসা মুন্ডা ও সিধু কানহু স্মৃতি পুরস্কার”

২০২২-২০২৩

আদিবাসী সম্প্রদায়ের গুণীজনদের স্বীকৃতি স্বরূপ ‘সাধু রামচাঁদ মূর্মু পণ্ডিত রঘুনাথ মূর্মু, লালশুকরা ওরাওঁ, বিরসা মুন্ডা ও সিধু কানহু স্মৃতি পুরস্কার’ প্রবর্তন করা হয়। বিগত ২০০২ সাল থেকে পশ্চিমবঙ্গ সরকার নিরবিচ্ছিন্ন ভাবে এই স্বীকৃতি প্রদান করে আসছেন।

বিগত বছরের ন্যায় চলতি বছরেও উপরোক্ত পাঁচটি পুরস্কার প্রাপক নির্বাচনের উদ্দেশ্যে বিবেচিত হতে পারেন, এমন গুণীজনের নামের সুপারিশ চাওয়া হচ্ছে।

বিবেচ্য ক্ষেত্র ও বিবেচ্য ব্যক্তির যোগ্যতা:-

- ১। সাধু রামচাঁদ মূর্মু স্মৃতি পুরস্কার :- এই পুরস্কার আদিবাসী ভাষায় রচিত সাহিত্য কর্মের উপর প্রদান করা হয়। বিবেচ্য ব্যক্তির সৃষ্ট সাহিত্য কর্মই একমাত্র বিবেচিত হবে। প্রকাশিত গ্রন্থ বা পাণ্ডুলিপির ৩ কপি পাঠাতে হবে।
- ২। পণ্ডিত রঘুনাথ মূর্মু স্মৃতি পুরস্কার :- এই পুরস্কার চারু-কারু-শিল্পের জন্য প্রদান করা হয়। ন্যূনতম ১০ বৎসরের ধারাবাহিক কার্যক্রম এবং অনুকরণযোগ্য অবদান থাকতে হবে। শিল্প কর্মের নমুনা বা আসল নিদর্শ পাঠাতে হবে।

----- পরের পাতায়

- ৩। লাল শুকরা ওরাওঁ স্মৃতি পুরস্কার :- অভিকরণ শিল্পের (পারফর্মিং আর্টস) উৎকর্ষের জন্য ও বিশেষ অবদানের জন্য এই পুরস্কার প্রদান করা হয়। সঙ্গীত, নৃত্য, নাটক, আবৃত্তি, কথকতা, স্বল্প দৈর্ঘ্যের কাহিনী চিত্র ইত্যাদি কলাশিল্পে ন্যূনতম ১০ বৎসরের ধারাবাহিক কার্যক্রম এবং অনুকরণযোগ্য অবদান থাকতে হবে। শিল্প কর্মের নমুনা বা আসল ক্যাসেট/সিডি অডিও-ভিডিও রেকর্ড পাঠাতে হবে।
- ৪। বিরসা মুন্ডা স্মৃতি পুরস্কার : বিজ্ঞান ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের বিষয় বিবেচিত হবে। ন্যূনতম ১০ বৎসরের ধারাবাহিক এবং অনুকরণযোগ্য অবদান থাকতে হবে। নমুনা/সার্টিফিকেট-এর প্রত্যয়িত নকল (৩কপি) পাঠাতে হবে।
- ৫। সিধু কানছ স্মৃতি পুরস্কার : সমাজকল্যাণ মূলক কাজের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের বিষয় বিবেচিত হবে। ন্যূনতম ১০ বৎসরের ধারাবাহিক এবং অনুকরণযোগ্য অবদান থাকতে হবে। নমুনা/সার্টিফিকেট-এর প্রত্যয়িত নকল (৩কপি) পাঠাতে হবে।
- # শুধুমাত্র আদিবাসী সম্প্রদায়ের গুণিজনরাই পাঁচটি পুরস্কারের জন্য বিবেচিত হবেন।
- # বিবেচ্য ব্যক্তির দুটি সাম্প্রতিক কালে তোলা পাসপোর্ট সাইজের ছবি এবং সাদা কাগজে নাম, ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, জন্ম তারিখ, বর্তমান বয়স, যোগ্যতা ইত্যাদি উল্লেখ করে তাঁর অবদান বিষয়ে বিস্তারিত তথ্য দিতে হবে।
- # পূর্বে পুরস্কৃত কোন আদিবাসী গুণিজন পুনরায় এই পুরস্কারের জন্য নির্বাচিত হবেন না।
- # সুপারিশ পাঠানোর তারিখ - ইং ০৯/০২/২০২৩ - ইং ০২/০৩/২০২৩  
সুপারিশকারীর নাম ও ঠিকানা সহ সুপারিশ নিম্নলিখিত ঠিকানায়  
স্বহস্তে/ডাকযোগে বা ই-মেইলের অবশ্যই ০২/০৩/২০২৩ বৈকাল ৫ টার  
মধ্যে পৌঁছাতে হবে।

দরখাস্ত সহ সুপারিশ পাঠানোর ঠিকানা -  
মহাধ্যক্ষ, অনগ্রসর শ্রেণি কল্যাণ অধিকার, পশ্চিমবঙ্গ সরকার  
মিত্র বিল্ডিং, ৮ নং লায়ন্স রেঞ্জ (৩য় তল), কলকাতা- ৭০০০০১  
দূরভাষ : ০৩৩-২২৩০-৮২৩৭/২২৩০-২২১০

ই-মেইল : [bcw.comm@gmail.com](mailto:bcw.comm@gmail.com) ফোন : ০৩৩-২২৩০৮২৩৭

অপ্সি এম এম এম

মহাধ্যক্ষ,  
অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন

পশ্চিমবঙ্গ সরকার  
Commissioner  
Backward Classes Welfare  
& Tribal Development  
BCW Dte. Govt. of W.B.  
8, Lyons Range, Kolkata-700001

